



নতুন প্রজন্মের জন্য
সেজান মাহমুদ এর
মুক্তিযুদ্ধের বই
'অপারেশন জ্যাকপট'
ইংরেজি তে প্রকাশিত-

খবর ডেস্কঃ

এবার একুশের বই মেলাতে উল্লেখযোগ্য বইগুলোর মধ্যে বাংলাদেশের মুক্তিযুদ্ধের নৌ-কমান্ডোদের ভূমিকার অকথিত গল্প নিয়ে রচিত, ১৯৯১ সালে প্রকাশিত প্রথম উপন্যাস 'অপারেশন জ্যাকপট' এর ইংরেজি সংস্করণ প্রকাশের সংবাদ ইতোমধ্যেই সুধী মহলের দৃষ্টি আকর্ষণ করেছে। উল্লেখ্য, নৌকমান্ডোদের ভূমিকার এই বীরত্বপূর্ণ কাহিনীর সামান্য আভাস পাওয়া যায় সুনীল গঙ্গোপাধ্যায়ের 'পূর্ব-পশ্চিম' উপন্যাসে ও মেজর রফিকুল ইসলামের 'লক্ষ প্রাণের বিনিময়ে' গ্রন্থে। কিন্তু এই কাহিনীর পূর্ণাঙ্গ বিবরণ কোথাও না থাকায় বাংলাদেশ শিশু একাডেমি থেকে পুরস্কারপ্রাপ্ত লেখক ডাঃ সেজান মাহমুদ তিন বছর ধরে বাংলাদেশের গ্রামাঞ্চলে ও পশ্চিম বঙ্গে বিভিন্ন জনের সাক্ষাৎকার নিয়ে, দলিল দস্তাবেজ

ঘেটে চট্টগ্রাম বন্দরের অপারেশন নিয়ে প্রথম এ ধরনের একটি গ্রন্থ রচনা করেন যা সুধী মহলে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিল। নবীন প্রজন্ম হিসেবে সেই ১৯৯১ সালে এই বই প্রকাশ করলে পরবর্তীতে অনেকেই অনুপ্রাণিত হয়ে এই ধরনের মুক্তিযুদ্ধের সত্য ঘটনা অবলম্বনে গ্রন্থ রচনায় ব্রত হন। আজকে দেশে ও বিদেশে অসংখ্য তরুন প্রজন্ম যারা মাতৃভাষা ভালোভাবে রপ্ত করতে পারে নি তাদের কাছে এই ইতিহাস তুলে ধরার জন্য বিবিসি'র প্রাক্তন সাংবাদিক, অনুবাদক ও লেখক সাগর চৌধুরীর অনুবাদে অপারেশন জ্যাকপটের ইংরেজি ভার্সন ২০০৯ সালের অমর একুশে বইমেলায় প্রকাশ করেছে অন্যতম প্রকাশনা সংস্থা বাংলাপ্রকাশ। বই টি পাওয়া যাবে বাংলাপ্রকাশের স্টলে ফেব্রুয়ারি ৭ তারিখ থেকে। এই বইটির আন্তর্জাতিক বাজারের দায়িত্বে আছে ইন্ডিয়ার বিশ্ববঙ্গ প্রকাশন, ডি কে বুক এজেনসিস লিমিটেড, নিউ দিল্লী, ইন্ডিয়া। এছাড়া উত্তর আমেরিকায় 'মুক্তধারা' ও লন্ডনে 'রূপসী বাংলা' পরিবেশকের দায়িত্বে থাকবে। বইটির প্রচ্ছদ এঁকেছেন ধ্রুব এষ। এ প্রসঙ্গে সেজান মাহমুদ জানান একুশের বই মেলায় এই বইটি ছাড়াও তাঁর আরও তিনটি বই প্রকাশিত হচ্ছে; তাঁর নিরিক্ষাধর্মী বড়দের উপন্যাস 'অগ্নিবালক' প্রকাশ করেছে বাংলাদেশের অন্যতম প্রকাশনী সংস্থা সাহিত্য প্রকাশ, ছড়ার বই 'ছড়ায় ছড়ায় সায়েন্স ফিকশন' ও 'হাবিজাবি' প্রকাশ করেছে আগামী প্রকাশনী।